ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

জমকালো আয়োজনের মধ্যে দিয়ে ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে র্যালি,আলোচনা সভা, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরুস্কার বিতরনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গতকাল সকালে কলেজ প্রাঙ্গন থেকে শিক্ষক-শিক্ষার্থীরা একটি বর্নাঢ্য র্যালি বের করে। র্যালিটি মধুপুর চৌরাস্তা ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। র্যালি শেষে বেলুন ও পায়রা উড়িয়ে প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের শুভ উদ্ধোধন করেন বস্ত্র অধিদপ্তরের মহাপরিচালক ও অতিরিক্ত সচিব মোঃ নুরুজ্জামান। পরে এক আলোচনা সভা অনুষ্টিত হয়।

এসময় উপস্থিত ছিলেন বস্ত্র অধিদপ্তরের উপপরিচালক সাইফুর রহমান, কলেজ অধ্যক্ষ ফিরোজ খন্দকার, সহকারী অধ্যাপক নুরুল ইসলাম, কামিরুল ইসলাম, মোকসেদুল আলম, প্রভাষক ইয়াসমিন নাহার শিলা,আব্দুল্লাহ আল মামুন, ফাহাদ মাহমুদসহ শিক্ষকবৃন্দ। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উল্লেখ্য-২০১৮ সালের ১ নভেম্বর প্রধান মন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের উদ্ধোধন করেন। বর্তমানে কলেজটিতে ৬শতাধিক শিক্ষার্থী অধ্যায়নরত।

অরণি থিয়েটারের ৩০ তম

প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরের ঐতিহ্যবাহি সাংস্কৃতিক সংগঠণ অরণি থিয়েটারের ত্রিশ বছর পূর্তি উপলক্ষে সংগঠণটি মেহেরপুর শহীদ সামসুজ্জোহা পার্কে আয়োজন করেছিল জমকালো অনুষ্ঠান মালার।
গতকাল মঙ্গলবার সন্ধ্যায় অরণি থিয়েটারের কচি কাচা শিশু শিল্পীদের আবৃতি, গান, নাচ আর অভিনয়ে মুগ্ধ করে অতিথিদের।
তাদের সাথে যুক্ত হন দেশ বরণ্য কথা সাহিত্যিক বাংলা একাডেমির শিশু সাহিত্যে পুরুস্কারপ্রাপ্ত রফিকুর রশীদ, এনটিভি সুপর শিলন রানার্স আপ, জেলার গর্ব কন্ঠ শিল্পী সুমনা রহমান, এনটিভি প্রচারিত রিয়েলিটি শো হাসো’র চ্যাম্পিয়ন শফিউল আযম রবিন, ও সুপার সিক্◌্রে বিজয়ী মেহেরপুরের মেয়ে রিয়াসহ জেলার বরণ্যে ব্যক্তিবর্গ।
সন্ধ্যা ৭ টার সময় এই ঐতিহ্যবাহী সংগঠণ অরণি থিয়েটারের ৩০ বছর পূর্তি উপলক্ষে শহীদ মিনারের বেদীতে ৩০ টি মোমবাতি প্রজ্বলন করেন সংগঠণের ক্ষুদে শিল্পীবৃন্দ।
সামসুজ্জোহা পার্কের মুক্তমঞ্চে শুরু হয় অনুষ্ঠানের মুল পর্ব। ক্ষুদে বাচিক শিল্পী ফাবিহা রহমান মাহি’র সভাপতিত্বে অনুষ্ঠিত জমকালো অনুষ্ঠান মালায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুরের আরেক বাচিক শিল্পী ফাবিয়া রহমান মায়িশা।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, অরণি থিয়েটারের সভাপতি নিশান সাবের, সাধারণ সম্পাদক আতিক স্বপন, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু, জাগো মেহেরপুরের পরিচালক সোয়েব রহমান, গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট একেএম শফিকুল আলম, মেহেরপুর শিল্পকলা একাডেমীর সাবেক সাধারণ সম্পাদক মফিজুর রহমান, আবুল হাসনাত দিপু, মেহেরপুর সুযোর্দয় আবৃত্তি সংসদের সভাপতি নুর আলম প্রমুখ। অনুষ্ঠানে নাচ, গান, আবুত্তি, নাটক মঞ্চস্থ করেন অরণি থিয়েটারের শিল্পীবৃন্দ।

অনুষ্ঠানের দিক নির্দেশনায় ছিলেন অরণি থিয়েটারের সভাপতি নিশান সাবের। এদিকে অরণি থিয়েটারের ত্রিশ বছর পূর্তি কে স্বাগত জানিয়ে সভাপতি ও সাধারণ সম্পাদকের হাতে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানান জাগো মেহেরপুরের সভাপতি সোয়েব রহমান।

কোটচাঁদপুরে আশংকা জনক হারে বেড়েছে আত্মহত্যার প্রবণতা

কোটচাঁদপুরে আশংকা জনক হারে বেড়েছে আত্মহত্যার প্রবণতা। ২৫ দিনে আত্মহত্যার চেষ্টা করে ব্যর্থ হয়েছেন ২৭ জন। মারা গেছেন ৪ জন। প্রতিরোধে আরো বেশি কাজ করতে হবে জানালেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ।
সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,কোটচাঁদপুরে ৩০ দিনে ২৯ জন আত্মহত্যার চেষ্টা করে ব্যর্থ হয়েছেন। এরমধ্যে মারা গেছেন ৪ জন। যার মধ্যে ২ জন গলায় ফাঁস দিয়ে আর ২ জন বিষপান করে।
এদের মধ্যে গেল ৮ অক্টোবর বিষপান করে মারা যায় রাজিব হোসেন, সে গুড়পাড়া গ্রামের আব্দুল হামিদের ছেলে, রুবিনা খাতুন (২২) বৃহস্পতিবার(২১ তারিখ) রাতে গলায় ফাঁস দিয়ে মারা যান । সে কোটচাঁদপুরের ঘাঘা গ্রামের মশিয়ার রহমানের স্ত্রী।
শনিবার (২২ তারিখ) দুপুরে গলায় ফাঁস দেন রাজু ইসলামের স্ত্রী তানিয়া খাতুন (২৫)। তারা কোটচাঁদপুর বিদ্যাধরপুর গুচ্ছ গ্রামে বাসিন্দা।
২৪ তারিখ সোমবার বিষপান করে মারা গেছেন রাসেল হোসেন(১৪। সে উপজেলার লক্ষিকুন্ড গ্রামের জাফর মন্ডলের ছেলে।
এদিকে কোটচাঁদপুর উপজেলায় গেল ২৫ দিনে ২৭ জন আত্মহত্যার চেষ্টা করে ব্যর্থ হয়েছেন। যার মধ্যে ১৬ জন বিষপানে,৪ জন গলায় ফাঁস দিয়ে এবং ৭ জন ঘুমের ট্যাবলেট খেয়ে।
এরমধ্যে গেল ৪ তারিখে ঘুমের ট্যাবলেট খেয়ে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে আসেন ১ জন,বিষপান করে ৪ জন,৫ তারিখে ট্যাবলেট খেয়ে ১ জন,বিষপানে ২ জন,৬ তারিখে ট্যাবলেট খেয়ে ১ জন,বিষপানে ২ জন,৭ তারিখে বিষপান করে ২ জন,গলায় ফাঁস দিয়ে ২ জন আর ট্যাবলেট খেয়ে ১ জন,৯ তারিখে বিষপান করে ১ জন, ১০ তারিখে ১ জন,১১ তারিখে ট্যাবলেট খেয়ে ১ জন,১৫ তারিখে বিষপানে ১ জন,১৬ তারিখে ১ জন,১৭ তারিখে ১ জন,১৮ তারিখে ১ জন,২০ তারিখে ট্যবলেট খেয়ে ২ জন,গলায় ফাঁস দেন ১ জন,২২ তারিখে বিষপান করেন১ জন আর গলায় ফাঁস দিয়ে ১ জন,২৯ তারিখে বিষপান করে ১ জন,হারপিক খেয়েছেন ১ জন।
বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম

বলেন, এর আগে আত্মহত্যার উপর ইনোভেশন প্রকল্প ছিল। এখন না থাকলেও আমরা বিভিন্ন সামাজিক কর্মকান্ডে আত্মহত্যা,বাল্যবিবাহ ও নারী নির্যাতন কাজ করে থাকি।
খান মাসুম বিল্লাহ বলেন, আমরা বিভিন্ন স্কুল,কলেজে গিয়ে বাল্যবিবাহ,আত্মহত্যা প্রবনতাসহ সম্প্রতি সভা নিয়মিত করে আসছি। এরপরও এতগুলো ঘটনা আমাদের বিস্মিত করেছে।
তিনি বলেন, বিষয়টি জেলা প্রশাসককে অবহিত করা হবে। এরপর যে নির্দেশনা আসবে,সে মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
এভাবে আশংকা জনক হারে কোটচাঁদপুরে বাড়ছে আত্মহত্যার প্রবণতা। সরকারি কোন পদক্ষেপই কার্যকর হচ্ছে। প্রতিরোধে কার্যকরি পদক্ষেপ গ্রহনে সংশ্লিষ্টদের হস্তক্ষেপ কামনা করেছেন সচেতন মহল।

ঝিনাইদহে জাতীয় যুব দিবস পালিত

‘প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় যুব দিবস পালিত হয়েছে।জেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে মঙ্গলবার সকালে যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যালয়ের সামনে জাতীয় পতাকা উত্তোলন ও পায়রা অবমুক্ত করে দিবসের উদ্বোধন করা হয়। সেখানে গাছের চারা রোপন করা হয়।
পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। আলোচনা সভায় যুব উন্নয়নের উপপরিচালক মোঃ রিয়াজুল আলম খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা। এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাইদ, জেলা তথ্য অফিসার আবুবক্কর সিদ্দীক, জেলা সমাজ সেবার কার্যলয়ের উপপরিচালক আব্দুল লতিফ শেখ,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আনিচুর রহমানসহ অন্যান্যরা।
বক্তারা বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে প্রশিক্ষণ গ্রহণ করে উদ্ভাবনী ও উৎপাদনমুখী কর্মে যাওয়ার জন্য যুবদের আহ্বান জানান। আলোচনা সভা শেষে প্রশিক্ষিত যুবদের মাঝে সনদপত্র ও যুবঋণের চেক বিতরণ করা হয়।

ঝিনাইদহের সাবেক এমপি মশিউর রহমানের বর্ণাঢ্য জীবনের অবসান

বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা ও ঝিনাইদহ-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মোঃ মশিউর হমান আর নেই (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন)। মঙ্গলবার বেলা ১১টার দিকে ঝিনাইদহ শহরের গীতাঞ্জলী সড়কের নির্জন বাসার দরজা ভেঙ্গে তার মৃতদেহ উদ্ধার করে পরীক্ষার জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক ডাঃ ছোঁয়া ইসরাইল স্বজনদের জানান অনেক আগেই তার মৃত্যু হয়েছে। মৃত্যুকালে মশিউর রহমানের বয়স হয়েছিল ৭৪ বছর। তিনি স্ত্রী, দুই ছেলে ও এক কন্যা সন্তান রেখে গেছেন। দুপুর ১২টার দিকে সাবেক এই সংস্যদের মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে শোকে স্তদ্ধ হয়ে যায় ঝিনাইদহ শহর। লাশ দেখতে দলমত নির্বিশেষে মানুষ ছুটতে থাকেন তার ক্যাসেল ব্রীজ সংলগ্ন নতুন বাড়িতে। এ সময় পুলিশ ও দলীয় নেতাকর্মীদের ভীড় সামলাতে হিমশিম খেতে হয়। পারিবারিক সিদ্ধান্ত মোতাবেক তার জানাজার প্রথম নামাজ অনুষ্ঠিত হবে বুধবার সকাল ১১ ঝিনাইদহ সরকারী বালক বিদ্যালয় মাঠে এবং দ্বীতিয় জানাজার নামাজ বাদ জোহর তার নিজ গ্রাম হরিণাকুণ্ডুর কন্যাদহে অনুষ্ঠিত হবে বলে বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক মেয়র আব্দুল মালেক গণমাধ্যম কর্মীদের জানান। গাড়ি চালক নাজমুল হাসান বাধন জানান, মঙ্গলবার সকাল ৮টার দিকে মশিউর রহমান তার অসুস্থতার কথা জানিয়ে দ্রুত বাসায় আসতে বলেন। বাঁধন সকাল সাড়ে ৮টার দিকে ঝিনাইদহ শহরের গীতাঞ্জলী সড়কের বাসায় এসে ডাকাডাকি করতে থাকেন। সকাল সাড়ে ১১টার দিকে মশিউর রহমানের ছোট ভাই আসাদুজ্জামান, প্রতিবেশি ও পৌর বিএনপির সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান শেখর, পাপপু সাহা ও ম্যানেজার বকুল হোসন ঘটনাস্থলে উপস্থিত হয়ে ঘরের দরজা ভেঙ্গে দেখেন সোফার উপর মশিউর রহমানের নিথর দেহ পড়ে আছে। ইজিবাইকযোগে দ্রুত তারা ঝিনাইদহ সদর হাসপাতলে নিয়ে গেলে জরুরী বিভাগে দায়িত্বরত চিকিৎসক ছোঁয়া ইসরাইল জানান অনেক আগেই তার মৃত্যু ঘটেছে। মশিউর রহমানের বর্ণাঢ্য রাজনৈতিক জীবন সম্পর্কে জানা গেছে, তিনি ঝিনাইদহ হরিণাকুন্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের কন্যাদহ গ্রামে জন্ম গ্রহন করেন। মসিউর রহমান ৭ম শ্রেনীর

ট্রেনিং সেন্টার স্থাপন করেন। এছাড়া তিনি ঝিনাইদহ শহরে নাসিং ইন্সটিটিউট, সরকারী শিশু হাসপাতাল, চক্ষু হাসপাতাল, ডায়াবেটিক হাসপাতাল, ম্যাটস, হেলথ টেকনোলজি, খাবার স্যালাইন ফ্যাক্টরী, ভেটেরিনারি কলেজ, ঝিনাইদহ সদর হাসপাতালকে ৫০ শয্যা থেকে ১০০ শয্যায় উন্নীত, করোনারী কেয়ার ইউনিট, বিভিন্ন ইউনিয়নে একাধিক কলেজ, স্কুল ও মাদ্রাসা স্থাপন করে নজীর স্থাপন করেন। মশিউর রহমানের মৃত্যুর খবর পেয়ে আওয়ামী লীগের সংসদ সদস্য ও তার রনাঙ্গনের বন্ধু মোঃ আব্দুল হাই ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন মৃতদেহ দেখতে ছুটে আসেন। হাজারো দলীয় নেতাকর্মী ও শুভান্যুধায়ী এছাড়া বিভিন্ন রাজনৈতিক দল ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ ও সরকারী কর্মকর্তা কর্মচারীরা মশিউর রহমানের মৃতদেহ এক নজর দেখতে তার বাড়িতে ভীড় জমান।

ঝিনাইদহে আত্মহত্যা প্ররোচণা মামলায় যুবকের ৭ বছরের কারাদন্ড

ঝিনাইদহের কালীগঞ্জে মাদ্রাসাছাত্রীর আত্মহত্যার প্ররোচণা মামলায় তাহাবুর রহমান নামের যুবকের ৭ বছরের কারাদন্ড দিয়েছে আদালত।
মঙ্গলবার দুপুরে জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মোঃ মিজানুর রহমান এ দন্ডাদেশ প্রদাণ করেন। একই সাথে ৫০ হাজার টাকার জরিমানা অনাদায়ে আরও ৪ মাসের সশ্রম কারাদন্ডের আদেশ দেওয়া হয়। দন্ডিত তাহাবুর রহমান কালীগঞ্জ উপজেলার কামারাইল গ্রামের জবেদ আলী মন্ডলের ছেলে।

মামলার বিবরণে জানায়, কামারাইল গ্রামের মাদ্রাসা ছাত্রী শিরিনা খাতুনকে উত্যক্ত করত একই গ্রামের তাহাবুর রহমান। ২০০৭ সালের পহেলা আগস্ট বাড়ির পাশের নদীতে গোসল করতে যাওয়ার সময় তার সম্ভ্রমহানি ও লাঞ্ছিত করে তাহাবুর রহমান। এই অপমান সইতে না পেরে পরেরদিন গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করে শিরিনা খাতুন। এ ঘটনায় ১৯

সেপ্টেমর তাহাবুর রহমানকে আসামী করে কালীগঞ্জ থানায় একটি মামলা দায়ের করে শিরিনা পিতা আখের আলী। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে আদালত মঙ্গল এ মামলায় রায় ঘোষনা করেন। রায় ঘোষণার সময় দন্ডিত তাহাবুর রহমান আদালতে উপস্থিত ছিলেন। তাকে কারাগারে পাঠানো হয়েছে।

মুজিবনগরে জাতীয় যুব দিবস পালিত

“প্রশিক্ষিত যুব উন্নত দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ”এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় যুব দিবস।
দিবসটি উপলক্ষে মঙ্গলবার সকালের উপজেলা পরিষদ চত্বর থেকে একটি যুব র্যালি বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে একই জায়গায় এসে শেষ হয়।
পরে উপজেলা পরিষদ অডিটরিয়ামে উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে, আলোচনা সভা ও ঋণের চেক বিতরণ অনুষ্ঠিত হয়। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দিনের সভাপতিত্বে এবং উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা নকিম উদ্দীন এর সঞ্চালনায়, আলোচনা সভা ও চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে ছিলেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দিন,মুজিবনগর প্রসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স,যুবনেতা হাসানুজ্জামান লালটু।
জাতীয় যুব দিবস উপলক্ষে আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষে এবং যুবকদের আত্মনির্ভরশীল হিসাবে গড়ে তোলার জন্য বিভিন্ন খাতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবকদের মাঝে ঋণ এর চেক বিতরণ করা হয়। এ সময় উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা কর্মচারী সাংবাদিক ও যুবক-যুবতিরা উপস্থিত ছিলেন।

গাংনীতে দেরিতে যুব দিবসের র্যালি শুরু

জাতীয় যুব দিবস উপলক্ষে গাংনী উপজেলা যুব উন্নয়ন আয়োজিত র্যালি সাড়ে ৯ টার পরিবর্তে সকাল সাড়ে ১০ টার সময় শুরু হওয়ায় অংশগ্রহণকারীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়। বিশেষ করে নারী ও শিশুরা বিড়ম্বনায় পড়েন।

“প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ” এ প্রতিপাদ্য নিয়ে গাংনীতে যুব দিবসের র্যালি ও আলোচনা সভা ও প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ সোমবার (১ নভেম্বর) বেলা সাড়ে ১১ টার সময় র্যালি উপজেলা পরিষদ থেকে বের হয়ে গাংনী হাসপাতাল বাজার ঘুরে একই স্থানে শেষ হয়।

পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত আলাচেনা সভা ও প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।
আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মেহেরপুর—২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি আওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক সাংগাঠনিক সম্পাদক আমিরুল ইসলাম। এসময় সরকারি অফিসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্য রাখেন গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান।
পরে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়।

এদিকে সকাল সাড়ে ৯ টার সময় র্যালি শুরু করার কথা থাকলেও প্রায়

এক ঘন্টা পরে র্যালি শুরু হয়। এতে বিভিন্ন স্থান থেকে আসা নারীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়।
এব্যাপারে গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান বলেন প্রধান অতিথি আসতে দেরি হওয়ায় র্যালি শুরু হতে দেরি হয়েছে।

মেহেরপুরে জাতীয় যুব দিবস পালিত

“প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ” এ প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে জাতীয় যুব দিবস। দিবসটি উপলক্ষে আজ সকাল সাড়ে ৯ টার সময় জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের অফিস থেকে একটি শোভাযাত্রা বের করা হয়।

জেলা পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালামের নেতৃত্ব শোভাযাত্রা টি মেহেরপুর-কুষ্টিয়া প্রধান সড়ক প্রদক্ষিন শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, জেলা যুব উন্নয়নের দপ্তরের উপ-পরিচালক কে এম জাহিদ হোসেন, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক, এস এম ওবায়দুল বাশার, কো-অর্ডিনেটর লক্ষন বাহাদুর, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ শোভাযাত্রায় অংশ নেয়।

পরে যুব ভবনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ট্রেডের ছাএ-ছাএীদের মাঝে যুব ঋণের চেক বিতরণ করেন।